



‘শিক্ষার সামগ্রিক উন্নয়নে সরকার বন্ধ পরিকর’

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ শিক্ষার সামগ্রিক উন্নয়নে বর্তমান আওয়ামী সরকার বন্ধপরিকর। বর্তমান সরকার শিশুর শারীরিক ও মানসিক বিকাশে সমান গুরুত্ব প্রদান করছে। শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞান মনস্কতা তৈরি করার জন্য সরকার গণিত অলিম্পিয়াডসহ নানা ধরনের উদ্যোগ গ্রহণ করেছে।

মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে রুম টু রিড বাংলাদেশ ও ঢাবির শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন এ মন্তব্য করেন। মতবিনিময় সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ আকরাম-আল-হোসেন, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. এ এফ এম মনজুর কাদির এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমির মহাপরিচালক মোঃ শাহ আলম প্রমুখ উপস্থিত ছিলেন। শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আক্তারের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন রুম টু রিড বাংলাদেশের কান্ডি ডিরেক্টর রাখী সরকার। সভায় মানসম্মত শিক্ষা অর্জনে প্রাথমিক স্তরে পড়ার দক্ষতা ও অভ্যাস উন্নয়নে সুপারিশমালা উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিদ্যমান উদ্যোগসমূহ এবং ভবিষ্যতে করণীয় দিকনির্দেশনা নিয়ে উপস্থিত ব্যক্তিবর্গের মতামতের ভিত্তিতে এই সুপারিশমালা তৈরি করা হয়।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

কার্যালয়: জনকণ্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকণ্ঠ: www.edailyjanakantha.com

আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম): মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com